

## শেরপুরে ছাত্রলীগ নেতাকর্মীদের বাসে ছাত্রদলের হামলা আহত ৫০ জন

শফিক জামান, জামালপুর থেকে  
শেরপুরের নকলায় ছাত্রদলের সশস্ত্র  
ক্যাডাররা গতকাল বুধবার ছাত্রলীগের  
নেতাকর্মীদের

● এরপর-পৃষ্ঠা ২ কলাম ৩

## শেরপুরে ছাত্রলীগ নেতাকর্মীদের

### ● প্রথম পাতার পর

বহনকারী একটি বাসে হামলা  
করে ব্যাপক ভাঙব চালিয়েছে। ছাত্রদল  
সন্ত্রাসীদের হামলায় শেরপুর জেলা  
ছাত্রলীগের সভাপতি ও সাধারণ সম্পাদকসহ  
কমপক্ষে ৫০ জন আহত হয়েছে।

গতকাল সন্ধ্যায় শেরপুরের ছাত্রলীগ  
নেতাবৃন্দ জামালপুরে এক সংবাদ সম্মেলনে  
অভিযোগ করেন, ছাত্রলীগের কেন্দ্রীয়  
সম্মেলনে যোগদানের উদ্দেশ্যে জিমল্যান্ড  
পরিবহনের একটি বাসে করে জেলা ছাত্রলীগ  
নেতাকর্মীরা ঢাকা যাওয়ার উদ্দেশ্যে নকলা  
অতিক্রমের সময় নকলা উপজেলা ছাত্রদলের  
সভাপতি ও সাধারণ সম্পাদকের নেতৃত্বে  
অর্ধশতাধিক সশস্ত্র ছাত্রদল ক্যাডার বাস  
থামিয়ে হামলা ও ভাঙব চালায়। সন্ত্রাসীরা  
বাসটি ভেঙ্গে হুরমার করে। এ সময়  
সন্ত্রাসীদের হামলায় শেরপুর জেলা ছাত্রলীগ  
সভাপতি ছানোয়ার হোসেন হানু, সম্পাদক  
বশিরুল ইসলাম সেলু, যুগ্ম সম্পাদক হাবিবুর  
রহমান, সাংগঠনিক সম্পাদক হুমায়ুন কবীর  
রুমানসহ কমপক্ষে ৫০ জন আহত হয়।  
মহতদের মধ্যে আশঙ্কাজনক অবস্থায়  
য়মুনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে  
ফারুক নামে এক ছাত্রলীগ কর্মীকে ভর্তি  
করা হয়েছে।

সংবাদ সম্মেলনে অভিযোগ করা হয়,  
হামলার কারণে ছাত্রলীগ কর্মীরা প্রাণভয়ে  
কলা খানায় আশ্রয় নিলে সশস্ত্র সন্ত্রাসীরা  
সখানেও ছাত্রলীগের নেতাকর্মীদের  
ঘণ্ডারের জন্য পুলিশের ওপর চাপ প্রয়োগ  
করে। পরে স্থানীয় ইউপি চেয়ারম্যান  
খারশেদ আলমের হস্তক্ষেপে খানায় আগত  
নেতাকর্মীরা রক্ষা পায়।

বাসে হামলার সময় ছাত্রদল সন্ত্রাসীরা  
ছাত্রলীগ নেতাকর্মীদের কাছ থেকে নগদ  
কা, আংটি, ব্যাগ ছিনিয়ে নিয়েছে উল্লেখ  
করে নেতাবৃন্দ অভিযোগ করেন। সন্ত্রাসীরা  
মুলা শেষে স্থানীয় সরকারদলীয় সাংসদ ও  
জামান ছইপের বাসায় অবস্থান নেয়।

এ ঘটনার তীব্র নিন্দা ও দোষীদের  
প্তারের দাবি জানিয়েছে জামালপুর ৩  
স্বদের সাংগঠনিক